# আন্তর্জাতিক চাপেই সম্ভব রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসন: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

জাতিসংঘ সদর দফতরে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস রোহিঙ্গা সংকট সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বাংলাদেশ এ সংকটের সরাসরি ভুক্তভোগী। রোহিঙ্গাদের আগমনে দেশের অর্থনীতি, সমাজ ও পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। পাশাপাশি মাদক পাচারসহ বিভিন্ন অপরাধও বেড়েছে, যা বাংলাদেশের নিরাপত্তাকে ঝুঁকির মুখে ফেলছে।

প্রধান উপদেষ্টা বলেন, দারিদ্র্য ও বেকারত্বের বাস্তবতায় বাংলাদেশে রোহিঙ্গাদের কর্মসংস্থান দেওয়া সম্ভব নয়। তাই আন্তর্জাতিক সম্প্রদায়কে রাখাইনে স্থিতিশীলতা প্রতিষ্ঠা, নিরাপদ প্রত্যাবাসন নিশ্চিত এবং মিয়ানমার সরকার ও আরাকান আর্মির ওপর চাপ সৃষ্টি করতে হবে। এ ছাড়া সংকটের স্থায়ী সমাধানে বাস্তবসম্মত রোডম্যাপ প্রণয়ন অপরিহার্য।

ড. ইউনূস তার বক্তব্যে সাতটি দিক নির্দেশনা দেন। এর মধ্যে রয়েছে: রোহিঙ্গাদের মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করা, রাখাইনের স্থিতিশীলতার জন্য আন্তর্জাতিক সহায়তা ও বেসামরিক উপস্থিতি বাড়ানো, আস্থা গড়ে তোলা, দাতাদের অর্থায়ন বৃদ্ধি, ন্যায়বিচার প্রতিষ্ঠা, দায়বদ্ধতা নিশ্চিত করা এবং মাদক অর্থনীতি ও আন্তঃসীমান্ত অপরাধ দমন।

তিনি আরও বলেন, রোহিঙ্গা সমস্যা একটি আঞ্চলিক সংকট হলেও এর বৈশ্বিক প্রভাব রয়েছে। তাই আন্তর্জাতিক সম্প্রদায়কে একযোগে কাজ করতে হবে। বাংলাদেশ এ প্রক্রিয়ায় সর্বাত্মক সহযোগিতা করতে প্রস্তুত বলে আশ্বস্ত করেন তিনি।

LENS ASIA